

তারিখঃ ২৫/১১/২০২৩ খ্রি।

প্রেস বিজ্ঞপ্তি

বকেয়ার দায়ে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি এর কিছু সংখ্যক
গ্রাহকের ইন্টারনেট সংযোগ সীমিতকরণ প্রসংগে।

ঢাকা, ২৫শে নভেম্বর ২০২৩ খ্রি.: বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, বিএসসিপিএলসি এর কিছু সংখ্যক আইআইজি, আইএসপি এবং আইজিডব্লিউ গ্রাহক দীর্ঘদিন যাবৎ কোম্পানির বিপুল পরিমাণ রাজস্ব বকেয়া রাখছে। সরকারি রাজস্ব আদায়ে বিএসসিপিএলসি হতে বারংবার তাগাদা প্রদান করা ছাড়াও নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসি'র মাধ্যমে বকেয়া পরিশোধের নির্দেশনা প্রদান করা হলেও উক্ত প্রতিষ্ঠানগুলো বকেয়া পরিশোধ করেনি। এমতাবস্থায় গত ২৪/১১/২০২৩ খ্রি. তারিখ ০০:০০ ঘটিকায় বকেয়ার কারণে উল্লিখিত প্রতিষ্ঠানগুলোর ইন্টারনেট সংযোগ বকেয়ার সাথে সামঞ্জস্যপূর্ণ হারে সীমিত করা হয়। আশা করা যাচ্ছে যে, প্রতিষ্ঠানগুলো কর্তৃক স্বল্পতম সময়ে বিদ্যমান বকেয়া পরিশোধ করা হবে এবং ব্যাল্ডউইথ সীমিতকরণ পরিস্থিতির উত্তরণ ঘটবে।

সম্মানিত গ্রাহকগণের সাময়িক অসুবিধার জন্য বিএসসিপিএলসি কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে।

প্রভাস চন্দ্র ভট্টাচার্য

মহাব্যবস্থাপক (মার্কেটিং এন্ড সেলস)

ফোন- ০২২২৬৬০৩৩২৬

ই-মেইল- gm.mns@bscplc.gov.bd

প্রতি

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

.....
.....

বিঃ দ্রঃ উপরোক্ত প্রেস বিজ্ঞপ্তি ২৬/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আপনার প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।